দ্বিতীয় অধ্যায়
দেশজ উৎপাদ, সঞ্চয় ও বিনিয়োগ

২০০৩-০৪ অর্থবছরে শিল্প ও সেবা খাতে ব্যাপক উৎপাদন বৃদ্ধির কারণে সার্বিক প্রকৃত জিডিপি'র প্রবৃদ্ধির হার ৫.৫২ শতাংশ হবে বলে সাময়িক প্রা°লন করা হয়েছে। উল্লেখ্য, মধ্যমেয়াদি সামষ্টিক অর্থনৈতিক কাঠামোতে আলোচ্য অর্থবছরে প্রকৃত জিডিপি'র প্রবৃদ্ধির হার প্রক্ষেপণ করা হয়েছে ৫.৫ শতাংশ। এই কাঠামোর প্রক্ষেপণ অনুযায়ী আগামী অর্থবছরে প্রকৃত জিডিপি'র প্রবৃদ্ধির হার ৬.০ শতাংশে এবং ২০০৫-০৬ অর্থবছরে ৬.৫ শতাংশে উন্নীত হবে। জিডিপি'র উচ্চতর প্রবৃদ্ধি অর্জন দেশে বিনিয়োগ প্রবাহের উপর বহুলাংশে নির্ভরশীল। একারণে মধ্যমেয়াদি সামষ্টিক অর্থনৈতিক কাঠামোতে ২০০৫-০৬ অর্থবছরের জন্য প্রক্ষেপিত জিডিপি প্রবৃদ্ধি অর্জন করতে হলে জিডিপির শতকরা হারে ২৬ শতাংশ বিনিয়োগ প্রয়োজন হবে মর্মে প্রক্ষেপণ করা হয়েছে।

২০০১-০২ অর্থবছরের অর্থনীতির শ্লথ গতি কাটিয়ে ২০০২-০৩ অর্থবছরে স্থির মূল্যে জিডিপির প্রবৃদ্ধির হার দাঁড়ায় ৫.২৬ শতাংশ এবং জাতীয় সঞ্চয় ও বিনিয়োগের হার দাঁড়ায় যথাক্রমে জিডিপি'র ২৪.৪৫ শতাংশ ও ২৩.৪১ শতাংশ। রাজনৈতিক অস্থিরতাসহ নানাবিধ প্রতিকূলতা সত্ত্বেও প্রবৃদ্ধি অর্জনের এই হার অর্থনীতির মৌল দৃঢ়তার (resilience) পরিচয় বহন করে। প্রবৃদ্ধির এই ঊর্ধ্বমুখিতার ধারায় শিল্প ও সেবা খাতে উৎপাদন বৃদ্ধি পাওয়ায় ২০০৩-০৪ অর্থবছরে জিডিপি প্রবৃদ্ধির হার ৫.৫২ শতাংশ এবং জাতীয় সঞ্চয় ও বিনিয়োগ হার যথাক্রমে জিডিপি'র ২৪.৪৯ শতাংশ ও ২৩.৫৮ শতাংশে দাঁড়াবে বলে প্রা°লন করা হয়েছে।

লেখচিত্র ২.১: স্থির মূল্যে জিডিপি প্রবৃদ্ধির হার ও মাথাপিছু জিডিপি প্রবৃদ্ধির হার



সারণি ২.১-এ ১৯৯৯-০০ থেকে ২০০২-০৩ অর্থবছর পর্যন্ত চলতি বাজার মূল্যে মোট ও মাথাপিছু জিডিপি, স্থূল জাতীয় আয় (জিএনআই) টাকায় ও মার্কিন ডলারে দেখানো হয়েছে।

সারণি ২.১ঃ চলতি বাজার মূল্যে জিডিপি, জিএনআই, মাথাপিছু জিডিপি ও মাথাপিছু জিএনআই

বিষয়	১৯৯৯-০০	২০০০-০১	২০০১-০২	২০০২-০৩	২০০৩-০৪ (সাময়িক)
জিডিপি (কোটি টাকায়)	২৩৭০৮৬	২৫৩৫৪৬	২৭৩২০১	৩০০৫৮০	৩৩২৫৬৭
জিএনআই (কোটি টাকায়)	২৪৫৭৯৯	২৬২৩৮৮	২৮৫৭৪৩	৩১৭১৬৩	৩৫০৭৫৯
জনসংখ্যা (কোটিতে)	১২.৮১	১২.৯৯	১৩.১৬	১৩.৩৪	১৩.৫২
মাথাপিছু জিডিপি (টাকায়)	১৮৫১১	১৯৫২৫	২০৭৫৪	২২৫৩০	২৪৫৯৮
মাথাপিছু জিএনআই (টাকায়)	১৯১৯২	২০২০৬	২১৭০৭	২৩৭৭৩	২৫৯৪৪
মাথাপিছু জিডিপি (মার্কিন ডলারে)	৩৬৮	৩৬২	৩৬১	৩৮৯	৪২১
মাথাপিছু জিএনআই (মার্কিন ডলারে)	৩৮১	৩৭৪	৩৭৮	৪১১	৪৪৪

উৎসঃ বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো।
টীকাঃ আদমশুমারি, ২০০১ অনুযায়ী নির্ণীত জনসংখ্যার ভিত্তিতে পূর্ববর্তী বছরসমূহের প্রক্ষেপিত জনসংখ্যা সমন্বয় করা হয়েছে।

উপরের সারণি থেকে স্পষ্ট যে দেশে মাথাপিছু জিডিপি ও জাতীয় আয় ক্রমশঃ বৃদ্ধি পাচ্ছে। চলতি (২০০৩-০৪) অর্থবছরে চলতি বাজার মূল্যে মাথাপিছু জাতীয় আয় প্রাক্কলন করা হয়েছে ২৫,৯৪৪ টাকা যা গত অর্থবছরের মাথাপিছু জাতীয় আয়

হতে ৯.১৩ শতাংশ বেশি। মাথাপিছু জিডিপিও এ সময়ে বৃদ্ধি পেয়েছে ৯.১৮ শতাংশ। এই প্রথম মাথাপিছু জিডিপি ও জাতীয় আয় যুগপৎ চারশ মার্কিন ডলার ছাড়িয়ে গেছে। উল্লেখ্য মার্কিন ডলারের হিসেবে চলতি অর্থবছরে মাথাপিছু জাতীয় আয় ৪৪৪ মার্কিন ডলার।

দেশজ উৎপাদঃ প্রবৃদ্ধি ও গঠন

১৯৯৮-৯৯ থেকে ২০০৩-০৪ অর্থবছর পর্যন্ত চলতি বাজার মূল্যে স্থূল দেশজ উৎপাদ সারণি ২.২-এ প্রদর্শিত হয়েছে। সাময়িক হিসাব অনুযায়ী চলতি বাজার মূল্যে ২০০৩-০৪ অর্থবছরে প্রক্ষেপিত জিডিপি দাঁড়াবে প্রায় ৩,৩২,৫৬৭ কোটি টাকা (প্রায় ৫৭ বিলিয়ন মার্কিন ডলার) । ২০০১-০২ ও ২০০২-০৩ অর্থবছরে চলতি বাজার মূল্যে জিডিপি ছিল যথাক্রমে প্রায় ২,৭৩,২০১ কোটি ও ৩,০০,৫৮০ কোটি টাকা। চলতি বাজার মূল্যে ২০০৩-০৪ অর্থবছরে জিডিপির প্রবৃদ্ধির হার দাঁড়াবে প্রায় ১০.৬৪ শতাংশ যা ২০০১-০২ ও ২০০২-০৩ অর্থবছরে ছিল যথাক্রমে ৭.৭৫ শতাংশ ও ১০.০২ শতাংশ। এ অর্থবছরে মাথাপিছু জিডিপি দাঁড়াবে প্রায় ২৪,৫৯৮ টাকা (প্রায় ৪২১ মার্কিন ডলার) যা গত অর্থবছরে ছিল ২২,৫৩০ টাকা (প্রায় ৩৮৯ মার্কিন ডলার)। চলতি বাজার মূল্যে ২০০৩-০৪ অর্থবছরে মাথাপিছু জিডিপির প্রবৃদ্ধির হার (টাকায়) দাঁড়াবে ৯.১৮ শতাংশ যা পূর্ববতী অর্থবছরে ছিল ৮.৫৬ শতাংশ।

সারণি ২.২ঃ চলতি বাজার মূল্যে স্থূল দেশজ উৎপাদ (জিডিপি)

(কোটি টাকায়)

খাত/উপখাত	১৯৯৮-৯৯	১৯৯৯-০০	২০০০-০১	২০০১-০২	২০০২-০৩	২০০৩-০৪ (সাময়িক)
১। কৃষি ও বনজ	৪২৯৯০	৪৪৬৯২	৪৫৬৩১	৪৬০০৩	৪৮৭৯৮	৫০৯৯১
ক) শস্য ও শাকসব্জি	৩২৩৯৫	৩৩৪১৮	৩৪০৬৮	৩৩৮৯৬	৩৬০২৪	৩৭৫৬২
খ) পশু সম্পদ	৬৪৪৩	৬৮৫৮	৬৮৯৩	৭১১৮	৭৪৭৪	৭৭৯৫
গ) বনজ সম্পদ	৪১৫২	৪৪১৭	৪৬৭৪	৪৯৮৯	৫৩০০	৫৬৩৪
২। মৎস্য সম্পদ	১২৪৮৫	১৩৬৭৪	১৩৪০৬	১৩৮৯৭	১৪২৫৯	১৪৯৬৬
৩। খনিজ ও খনন	২০৬৬	২৩১১	২৬৪০	২৯৯৭	৩৩০৯	৩৬৩৮
ক) প্রাকৃতিক গ্যাস ও অপরিশোধিত তৈল	১০৮০	১২৭৭	১৫০২	১৭৩৩	১৯০০	২০৬৪
খ) অন্যান্য খনিজ সম্পদ ও খনন	৯৮৬	১০৩৪	১১৩৮	১২৬৪	১৪০৯	১৫৭৪
৪। শিল্প (ম্যানুঃ)	৩২৭৮৩	৩৪৮৩৭	৩৮২৩৪	৪১৮০৫	৪৫৮১৩	৫১৫০১
ক) বৃহৎ ও মাঝারী শিল্প	২৩৫২৭	২৪৯৩৯	২৭৩৪০	২৯৫৯	৩২৩৭৭	৩৬৩৬৬
খ) ক্ষুদ্রায়তন শিল্প	৯২৫৬	৯৮৯৮	১০৮৯৪	১২২০৯	১৩৪৩৫	১৫১৩৫
৫। বিদ্যুৎ, গ্যাস ও পানি সম্পদ	২৮৩৮	৩০৭২	৩৩৪৬	৩৬৪০	৩৯৮৯	৪৪৩৩
ক) বিদ্যুৎ	২৩৮৮	২৫৭৯	২৮০৪	৩০৫৩	৩৩১৮	৩৬৯৭
খ) গ্যাস	৩১৮	৩৪৩	৩৭৫	৩৯৯	৪৩৮	৪৭৯
গ) পানি	১৩২	১৫০	১৬৭	১৮৮	২৩৩	২৫৭
৬। নির্মাণ	১৫৬২৫	১৭৬২২	১৯৩৩৪	২১১৫৯	২৩০১৬	২৫০৬৩
৭। পাইকারি ও খুচরা বিপণন	২৭২৩২	২৯২০৪	৩২৪৭৯	৩৫৩১২	৩৯১০৩	৪৪১১৮
৮। হোটেল ও রেঁস্তোরা	১৩১৭	১৪৬৩	১৫৯০	১৭৪০	১৯৪৪	২১৯৩
৯। পরিবহন, সংরক্ষণ ও যোগাযোগ	১৮০৪১	১৯৭৪৩	২২১২৯	২৫৫২৪	৩১১১২	৩৫৯৪১
ক) স্থল পথ পরিবহন	১৩০৮৩	১৪৪৬৩	১৬০৯৯	১৮৮৬৯	২৪০৯৬	২৮২৯৮
খ) পানি পথ পরিবহন	২৪০৪	২৪৯০	২৬১৬	২৭২৫	২৭৯২	২৮৮১
গ) আকাশ পথ পরিবহন	৩২০	৩৭৩	৩৯৩	৪১৩	৪২০	৫০৩
ঘ) সহযোগী পরিবহন সেবা ও সংরক্ষণ	৬৭৬	৭৭২	৯৩৪	৯৯২	১০৩৬	১০৮২
ঙ) ডাক ও তার যোগাযোগ	১৫৫৮	১৬৪৫	২০৮৮	২৫২৫	২৭৬৮	৩১৭৭
১০। আর্থিক প্রতিষ্ঠানিক সেবা	৩৩৫১	৩৬৪৮	৩৯১১	৪২০৭	৪৭১৮	৫১২২
ক) ব্যাংক	২৬৩৯	২৮২৮	২৯৮৮	৩১৭৯	৩৫৪০	৩৮১৭
খ) বীমা	৫৬৫	৬৬০	৭৬০	৮০৬১	৯৯৯	১১১৭
গ) অন্যান্য	১৪৭	১৬০	১৬২	১৬৭	১৮০	১৮৮
১১। রিয়েল এস্টেট, ভাড়া ও অন্যান্য ব্যবসা	১৯৫৮৪	২১১৩৯	২২৩৬৫	২৩৯৯৫	২৫৬৭৮	২৭৬৯৩
১২। লোক প্রশাসন ও প্রতিরক্ষা	৫৫৫২	৬২৩৪	৬৬৯৫	৭১১৭	৭৭৮৩	৮৪৯৩
১৩। শিক্ষা	৪৭১৮	৪৩৮৬	৫৮৫২	৬৩৫২	৭০৬৪	৭৭৬৬
১৪। স্বাস্থ্য ও সামাজিক সেবা	৪৮৪২	৪৩৭৬	৫৭২২	৬০৭৯	৬৬০১	৭১১৫
১৫। কমিউনিটি, সামাজিক ও ব্যক্তিগত সেবা	১৮৪৯৭	২০৩৬০	২১৬৬৫	২৩৬৯৮	২৬৬৮৫	৩০৯৩৮
আমদানি শুল্ক	৭৭৭৬	৮৩২৫	৮৫৪৭	৯৬৭৬	১০৭০৭	১১৫৯৯
চলতি বাজার মূল্যে জিডিপি	২১৯৬৯৭	২৩৭০৮৬	২৫৩৫৪৬	২৭৩২০১	৩০০৫৮০	৩৩২৫৬৭
চলতি বাজার মূল্যে প্রবৃদ্ধি হার	৯.৭৫	৭.৯১	৬.৯৪	৭.৭৫	১০.০২	১০.৬৪

উৎসঃ বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো।

স্থিরমূল্যে (১৯৯৫-৯৬ অর্থবছরের ভিত্তিতে) জিডিপিতে খাতওয়ারি প্রবৃদ্ধির হার সারণি ২.৩-এ পরিবেশিত হয়েছে। স্থিরমূল্যে (১৯৯৫-৯৬ অর্থবছরের ভিত্তিতে) ২০০৩-০৪ অর্থবছরে জিডিপির প্রবৃদ্ধির হার দাঁড়াবে ৫.৫২ শতাংশ যা ২০০২-০৩ অর্থবছরে ছিল ৫.২৬ শতাংশ। ২০০৩-০৪ অর্থবছরে কৃষিখাতের প্রবৃদ্ধি ২.৪১ শতাংশ প্রক্ষেপণ করা হয়েছে। পূর্ববর্তী ২০০২-০৩ অর্থবছরে এ প্রবৃদ্ধির হার ছিল যথাক্রমে ৩.২৯ শতাংশ। ২০০৩-০৪ অর্থবছরে শস্যখাতে প্রবৃদ্ধির হার ১.৬৭ শতাংশ হবে বলে প্রক্ষেপণ করা হয়েছে। চলতি অর্থবছরে কৃষিখাতের গুরুত্বপূর্ণ শস্য ও শাকসব্জি উপখাতে প্রাক্কলিত প্রবৃদ্ধির হার প্রায় অর্ধেক হ্রাস পাওয়ায় এবং পশুসম্পদ উপখাতেও প্রবৃদ্ধির হার হ্রাস পাওয়ায় বনজ সম্পদ উপখাতে প্রবৃদ্ধির হার সামান্য বৃদ্ধি পাওয়া সত্ত্বেও সার্বিক কৃষি খাতের প্রবৃদ্ধির হার পূর্ববর্তী অর্থবছরের তুলনায় ০.৮৮ শতাংশ হ্রাস পেয়েছে।

সারণি ২.৩ঃ ১৯৯৫-৯৬ সালের ভিত্তি মূল্যে জিডিপির খাতওয়ারি প্রবৃদ্ধির হার

খাত/উপখাত	১৯৯৮-৯৯	১৯৯৯-০০	২০০০-০১	২০০১-০২	২০০২-০৩	২০০৩-০৪ (সাময়িক)
১। কৃষি ও বনজ	৩.২৪	৬.৯২	৫.৫৩	-০.৬২	৩.২৯	২.৪১
ক) শস্য ও শাকসব্জি	৩.১১	৮.১০	৬.১৮	-২.৩৯	২.৮৮	১.৬৭
খ) পশু সম্পদ	২.৬৯	২.৭৪	২.৮১	৪.৭০	৪.৫১	৪.৪৮
গ) বনজ সম্পদ	৫.১৬	৪.৯৪	৪.৮৫	৪.৯১	৪.৪৩	৪.৪৮
২। মৎস্য সম্পদ	৯.৯৬	৮.৮৭	-৪.৫৩	২.২২	২.৩৩	৩.৬৪
৩। খনিজ ও খনন	১.৩২	৯.৪৮	৯.৭৫	৪.৫৩	৭.১৭	৬.৭৬
ক) প্রাকৃতিক গ্যাস ও অপরিশোধিত তৈল	-২.৪৬	১৪.৫৫	১৩.৯৯	৪.৯৩	৮.৯১	৮.০৮
খ) অন্যান্য খনিজ সম্পদ ও খনন	৬.১৮	৩.৪৭	৪.১৯	৩.৯৬	৪.৬৬	৪.৭৭
৪। শিল্প (ম্যানুঃ)	৩.১৯	৪.৭৬	৬.৬৮	৫.৪৮	৬.৭৫	৭.৪১
(ক) বৃহৎ ও মাঝারি শিল্প	৪.১৯	৪.৩৫	৬.৫৫	৪.৬০	৬.৫৬	৭.৩২
(খ) ক্ষুদ্রায়তন শিল্প	০.৭৫	৫.৮০	৭.০২	৭.৬৯	৭.২১	৭.৬৫
৫। বিদ্যুৎ, গ্যাস, ও পানি সম্পদ	৬.০০	৬.৭৮	৭.৪০	৭.৬৩	৮.০২	৮.০৯
ক) বিদ্যুৎ	৬.৭৫	৬.৮৭	৭.৬০	৭.৭৮	৭.২৯	৮.০৮
খ) গ্যাস	০.৬৩	৫.৬১	৬.০৫	৬.৫৩	৮.৭৭	৮.৫০
গ) পানি	৬.৪৪	৮.০৬	৭.০৫	৭.৫২	২০.০১	৭.৩১
৬। নির্মাণ	৮.৯২	৮.৪৮	৮.৬৫	৮.৬১	৮.০৯	৮.৩১
৭। পাইকারি ও খুচরা বিপণন	৬.৫১	৭.৩০	৬.৪৩	৬.৫৯	৬.০৯	৬.৫৪
৮। হোটেল ও রেঁস্তোরা	৬.৬৫	৬.৯৪	৭.০০	৬.৯২	৭.০০	৭.২৯
৯। পরিবহন, সংরক্ষণ ও যোগাযোগ	৫.৯০	৬.০৮	৭.৯২	৬.৫৬	৬.৮৫	৬.৬৪
ক) স্থল পথ পরিবহন	৬.৬২	৬.৩২	৬.৩৭	৬.৭৩	৬.৬৪	৬.১৩
খ) পানি পথ পরিবহন	১.৬০	১.৭৮	০.৫৭	০.৩৪	০.০৭	০.০৯
গ) আকাশ পথ পরিবহন	১৪.৪৬	১৬.৮০	৪.৬২	-১৬.৮৪	-১.৩৫	১৯.৯০
ঘ) সহযোগী পরিবহন সেবা ও সংরক্ষণ	৪.২৪	১৩.১৫	১৮.১০	-৪.৬২	-১.১৭	৪.০৮
ঙ) ডাক ও তার যোগাযোগ	৫.৯৬	৫.৫৭	২৬.৯২	২০.৯৫	১৭.৮৯	১৩.৮৯
১০। আর্থিক প্রতিষ্ঠানিক সেবা	৫.৪০	৫.৫০	৫.৫৪	৬.৭০	৬.৬৭	৬.৭৭
ক) ব্যাংক	৩.৮৫	৩.৮৭	৪.০১	৫.৫২	৫.৯১	৬.০৬
খ) বীমা	১৩.০৫	১৩.৫৯	১৩.৪৬	১২.৩৫	১০.২৯	৯.৯৬
গ) অন্যান্য	৬.২০	৫.৫৪	-০.০৩	২.০৫	২.৩২	২.৯৬
১১। রিয়েল এষ্টেট, ভাড়া ও অন্যান্য ব্যবসা	৩.০২	৩.৮৩	৩.৪১	৩.৪২	৩.৫২	৩.৮১
১২। লোক প্রশাসন ও প্রতিরক্ষা	৫.৭০	৫.৯৭	৫.৮৮	৫.৯২	৫.২৪	৬.০৭
১৩। শিক্ষা	৭.৭০	৭.৭৪	৭.১১	৭.৫৮	৭.৬০	৭.৬৬
১৪। স্বাস্থ্য ও সামাজিক সেবা	৪.৬০	৪.৮০	৪.৯২	৫.৩০	৫.৬৩	৫.৭৫
১৫। কমিউনিটি, সামাজিক ও ব্যক্তিগত সেবা	২.৯৫	৩.০৬	৩.১৫	৩.২৪	৩.৩২	৪.০১
আমদানি শুল্ক	১.৯৭	১.৫৫	১.৮৫	৫.৮৪	৩.৩১	৪.৮৬
স্থির মূল্যে জিডিপি'র প্রবৃদ্ধির হার (%)	৪.৮৭	৫.৯৪	৫.২৭	৪.৪২	৫.২৬	৫.৫২

উৎসঃ বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো।

মৎস্য খাতে প্রবৃদ্ধির হার ক্রমাগত বৃদ্ধি পাচ্ছে এবং চলতি অর্থবছরে এই খাতে প্রবৃদ্ধির হার ৩.৬৪ শতাংশে দাঁড়াবে বলে অনুমিত হচ্ছে যা ২০০২-০৩ অর্থবছরে ছিল যথাক্রমে ২.৩৩ শতাংশ। বিনিয়োগ-বান্ধব পরিবেশ উন্নয়নের জন্য বর্তমান সরকার গৃহীত যথাযথ পদক্ষেপ শিল্প ও সেবা খাতের প্রবৃদ্ধির হার বাড়াতে সক্ষম হয়েছে। ২০০৩-০৪ অর্থবছরে বৃহৎ খাতভিত্তিক শিল্প ও সেবা খাতে প্রবৃদ্ধি অর্জিত হয়েছে যথাক্রমে ৭.৭১ শতাংশ ও ৫.৭০ শতাংশ। ২০০৩-০৪ অর্থবছরে ম্যানুফ্যাকচারিং শিল্পখাতের প্রবৃদ্ধির হার ৭.৪১ শতাংশ প্রাক্কলন করা হয়েছে। এর মধ্যে বৃহদায়তন ও ক্ষুদ্রায়তন উপখাতের প্রবৃদ্ধির হার যথাক্রমে ৭.৩২ শতাংশ ও ৭.৬৫ শতাংশ দাঁড়াবে বলে অনুমিত হচ্ছে যা ২০০২-০৩ অর্থবছরে ছিল যথাক্রমে ৬.৫৬ শতাংশ ও ৭.২১ শতাংশ। এ ছাড়া ১৯৯২-৯৩ থেকে ২০০৩-০৪ অর্থবছর পর্যন্ত স্থিরমূল্যে জিডিপি'র খাতওয়ারি প্রবৃদ্ধির হার পরিশিষ্ট-৪-এ সন্নিবেশিত করা হয়েছে।

সারণি ২.৪-এ জিডিপিতে খাতওয়ারি অবদানের হার পরিবেশিত হয়েছে। কৃষি থেকে অকৃষিখাতে খাতওয়ারি অবদানের কাঠামোগত বিবর্তনের ইতিবাচক ধারা এ অর্থবছরেও অব্যাহত আছে। ২০০৩-০৪ অর্থবছরে মৎস্যসহ কৃষি খাতের অবদান দাঁড়িয়েছে ২২.৮৩ শতাংশ যা পূর্ববর্তী ২০০১-০২ ও ২০০২-০৩ অর্থবছরে ছিল যথাক্রমে ২৩.৯৮ শতাংশ ও ২৩.৪৭ শতাংশ।

সারণি ২.৪ঃ ১৯৯৫-৯৬ সালের ভিত্তি মূল্যে জিডিপিতে খাতওয়ারি অবদানের হার (%)

খাত/উপখাত	১৯৯৮-৯৯	১৯৯৯-০০	২০০০-০১	২০০১-০২	২০০২-০৩	২০০৩-০৪ (সাময়িক)
১। কৃষি ও বনজ	১৯.৩৫	১৯.৪৯	১৯.৫১	১৮.৫৮	১৮.২২	১৭.৬৮
ক) শস্য ও শাকসব্জি	১৪.৩৩	১৪.৫৯	১৪.৭২	১৩.৭৫	১৩.৪৩	১২.৯৪
খ) পশু সম্পদ	৩.১২	৩.০২	২.৯৫	২.৯৬	২.৯৩	২.৯০
গ) বনজ সম্পদ	১.৯০	১.৮৮	১.৮৭	১.৮৮	১.৮৬	১.৮৪
২। মৎস্য সম্পদ	৫.৯৩	৬.০৯	৫.৫২	৫.৪০	৫.২৫	৫.১৫
৩। খনিজ ও খনন	১.০০	১.০৩	১.০৭	১.০৭	১.০৯	১.১০
ক) প্রাকৃতিক গ্যাস ও অপরিশোধিত তৈল	০.৫৪	০.৫৮	০.৬৩	০.৬৩	০.৬৬	০.৬৭
খ) অন্যান্য খনিজ সম্পদ ও খনন	০.৪৬	০.৪৫	০.৪৪	০.৪৪	০.৪৪	০.৪৩
৪। শিল্প (ম্যানুঃ)	১৫.৬০	১৫.৪০	১৫.৫৯	১৫.৭৬	১৫.৯৭	১৬.২৫
ক) বৃহৎ ও মাঝারী শিল্প	১১.২০	১১.০১	১১.১৩	১১.১৬	১১.২৯	১১.৪৭
খ) ক্ষুদ্রায়তন শিল্প	৪.৪০	৪.৩৯	৪.৪৬	৪.৬০	৪.৬৮	৪.৭৮
৫। বিদ্যুৎ, গ্যাস, ও পানি সম্পদ	১.৪২	১.৪৩	১.৪৬	১.৫১	১.৫৪	১.৫৮
ক) বিদ্যুৎ	১.২০	১.২১	১.২৩	১.২৭	১.৩০	১.৩৩
খ) গ্যাস	০.১৬	০.১৬	০.১৬	০.১৭	০.১৭	০.১৮
গ) পানি	০.০৬	০.০৬	০.০৭	০.০৭	০.০৮	০.০৮
৬। নির্মাণ	৭.৬৭	৭.৮৪	৮.০৮	৮.৪১	৮.৬৩	৮.৮৬
৭। পাইকারী ও খুচরা বিপণন	১৩.২১	১৩.৩৫	১৩.৪৮	১৩.৭৭	১৩.৮৭	১৪.০০
৮। হোটেল ও রেঁস্তোরা	০.৬৩	০.৬৩	০.৬৪	০.৬৬	০.৬৭	০.৬৮
৯। পরিবহণ, সংরক্ষণ ও যোগাযোগ	৯.২১	৯.২০	৯.৪২	৯.৬২	৯.৭৬	৯.৮৬
ক) স্থল পথ পরিবহন	৬.৬৪	৬.৬৫	৬.৭১	৬.৮৬	৬.৯৫	৬.৯৯
খ) পানি পথ পরিবহন	১.২৩	১.১৮	১.১২	১.০৮	১.০৩	০.৯৭
গ) আকাশ পথ পরিবহন	০.১৬	০.১৮	০.১৮	০.১৪	০.১৩	০.১৫
ঘ) সহযোগী পরিবহন সেবা ও সংরক্ষণ	০.৩৪	০.৩৬	০.৪১	০.৩৭	০.৩৫	০.৩৫
ঙ) ডাক ও তার যোগাযোগ	০.৮৪	০.৮৩	১.০১	১.১৬	১.৩০	১.৪১
১০। আর্থিক প্রতিষ্ঠানিক সেবা	১.৫৮	১.৫৭	১.৫৭	১.৬১	১.৬৩	১.৬৫
ক) ব্যাংক	১.২৪	১.২২	১.২০	১.২২	১.২২	১.২৩
খ) বীমা	০.২৭	০.২৮	০.৩১	০.৩৩	০.৩৪	০.৩৬
গ) অন্যান্য	০.০৭	০.০৭	০.০৭	০.০৬	০.০৬	০.০৬
১১। রিয়েল এষ্টেট, ভাড়া ও অন্যান্য ব্যবসা	৯.০৭	৮.৮৮	৮.৭২	৮.৬৩	৮.৪৮	৮.৩৪
১২। লোক প্রশাসন ও প্রতিরক্ষা	২.৫৫	২.৫৫	২.৫৬	২.৬০	২.৬০	২.৬১
১৩। শিক্ষা	২.১৭	২.২০	২.২৪	২.৩১	২.৩৬	২.৪০
১৪। স্বাস্থ্য ও সামাজিক সেবা	২.২৩	২.২০	২.১৯	২.২১	২.২১	২.২২
১৫। কমিউনিটি, সামাজিক ও ব্যক্তিগত সেবা	৮.৩৭	৮.১৩	৭.৯৭	৭.৮৭	৭.৭২	৭.৬১
জিডিপি	১০০.০০	১০০.০০	১০০.০০	১০০.০০	১০০.০০	১০০.০০

উৎসঃ বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো।

১৯৯৯-০০ অর্থবছরের পর হতে শিল্প খাতের অবদান ক্রমাগত বৃদ্ধি পাচ্ছে। ম্যানুফ্যাকচারিং শিল্প খাতের অবদান গত অর্থবছরের ১৫.৯৭ শতাংশ হতে বৃদ্ধি পেয়ে ১৬.২৫ শতাংশে দাঁড়িয়েছে। চলতি অর্থবছরে পাইকারি ও খুচরা বাণিজ্য খাতের অবদান ১৪.০০ শতাংশ হবে বলে প্রা°লন করা হয়েছে যা ২০০১-০২ ও ২০০২-০৩ অর্থবছরে ছিল যথাক্রমে ১৩.৭৭ শতাংশ ও ১৩.৮৭ শতাংশ। পরিবহন ও যোগাযোগ খাতের অবদানও ক্রমশঃ বৃদ্ধি পাচ্ছে। ১৯৯২-৯৩ থেকে ২০০৩-০৪ অর্থবছর পর্যন্ত স্থিরমূল্যে জিডিপি'তে খাতওয়ারি অবদানের শতকরা হার পরিশিষ্ট-৫-এ এবং জিডিপিতে বৃহৎ খাতসমূহের অবদানের কাঠামোগত পরিবর্তন নিম্নের সারণি ও লেখচিত্রে দেখানো হয়েছে।

সারণি ২.৫ : স্থির মূল্যে (ভিত্তি বছর: ১৯৯৫-৯৬) দেশজ উৎপাদে বৃহৎ খাতসমূহের অবদানের কাঠামোগত পরিবর্তন ও প্রবৃদ্ধির ধারা

অবদান (শতকরা হার)						
খাত	**১৯৭৯-৮০**	**১৯৮৪-৮৫**	**১৯৮৯-৯০**	**১৯৯৪-৯৫**	**১৯৯৯-০০**	**২০০৩-০৪**
কৃষি	৩৩.২১	৩১.৪৬	২৯.৫২	২৬.০২	২৫.৫৮	২২.৮৩
শিল্প	১৭.০৮	১৮.৭০	২০.৭৮	২৪.২৮	২৫.৭০	২৭.৮০
সেবা	৪৯.৭২	৪৯.৮৪	৪৯.৭০	৪৮.৭০	৪৮.৭২	৪৯.৩৭
মোট	১০০.০০	১০০.০০	১০০.০০	১০০.০০	১০০.০০	১০০.০০
গড় প্রবৃদ্ধি (শতকরা হার)						
	অর্থবছর ৮১-০৪	অর্থবছর ৮১-৮৫	অর্থবছর ৮৬-৯০	অর্থবছর ৯১-৯৫	অর্থবছর ৯৬-০০	অর্থবছর ০১-০৪
কৃষি	২.৭৭	২.৬৮	২.৪০	১.৫৫	৪.৮৮	২.২৩
শিল্প	৬.৫১	৫.৭০	৫.৮৬	৭.৪৭	৬.৪৪	৭.২৪
সেবা	৪.৩৩	৩.৮৩	৩.৫৮	৪.১৫	৪.৮১	৫.৫১
সার্বিক জিডিপি	৪.৪১	৩.৭২	৩.৭৪	৪.৩৯	৫.২১	৫.১২
মাথাপিছু জিডিপি	২.৫৪	১.৫৪	১.৫০	২.৩৬	৩.৮৩	৩.৭০

উৎসঃ বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো

লেখচিত্র ২.২.১
১৯৯১-৯২ অর্থবছরের জিডিপিতে বৃহৎ খাত সমূহের অবদান



লেখচিত্র ২.২.২
২০০৩-০৪ অর্থবছরের জিডিপিতে বৃহৎ খাত সমূহের অবদান



গত দুই দশকে বাংলাদেশের স্থূল দেশজ উৎপাদ কাঠামোতে বিবর্তনের ধারা বিদ্যমান। আশির দশকের শুরুতে যেখানে কৃষি খাতের অবদান ছিল ৩০ শতাংশেরও উপরে সেখানে এই শতাব্দীর শুরুতে তা ২৫ শতাংশেরও নীচে নেমে এসেছে। পক্ষান্তরে আশির দশকের শুরুতে শিল্প খাতের অবদান ছিল ২০ শতাংশেরও নীচে যা এই শতাব্দীর শুরুতে দাঁড়িয়েছে প্রায় ২৮ শতাংশে। কৃষি ও শিল্প খাতের অবদানের ক্রমবিবর্তনের ধারা বিপরীতমুখী হলেও একই সময়ে সেবা খাতের অবদান কিঞ্চিৎ হ্রাস-বৃদ্ধি ছাড়া প্রায় একই পর্যায়ে রয়েছে।

আশির দশকের শুরু হতে বর্তমান সময় অবধি খাতভিত্তিক জিডিপি প্রবৃদ্ধির হার পর্যালোচনা করে দেখা যায় যে, এই সময়ে শিল্পখাতের গড় প্রবৃদ্ধি ৬.৫১ শতাংশ, যা অন্য দু'টি খাত কৃষি (২.৭৭ শতাংশ) ও সেবা (৪.৩৩ শতাংশ) খাতের চেয়ে বেশি। গত এক দশকে স্থিরমূল্যে মাথাপিছুর জিডিপি'র প্রবৃদ্ধি অর্জিত হয়েছে গড়ে প্রায় ৩.৭০ শতাংশ । গত দু'বছরে বিশ্ব অর্থনৈতিক প্রবৃদ্ধির তুলনায় বাংলাদেশের প্রকৃত জিডিপি'র প্রবৃদ্ধির হার তুলনামূলকভাবে বেশি।

বাংলাদেশসহ জাতিসংঘভুক্ত দেশসমূহে জাতীয় উন্নয়নের মাত্রা নির্ণয়ের জন্য জিডিপি এখনও বহুল প্রচলিত নির্দেশক। যদিও জিডিপির অপর্যাপ্ততা পরিপূরণে পিপিপি (Purchasing Power Parity), মানব উন্নয়ন সূচক ও পরিবেশগত উন্নয়নকে পরিপূরক হিসেবে সংযোজনের প্রচেষ্টা অব্যাহত আছে। তবে এসব নির্দেশক ব্যবহারে জটিলতা ও দক্ষতার অভাবে সব দেশেই জিডিপি প্রবৃদ্ধিকেই উন্নয়নের মাপকাঠি হিসেবে অনুসরন করা হচ্ছে।

সঞ্চয়

১৯৯৫-৯৬ অর্থবছরে দেশজ সঞ্চয় ও জাতীয় সঞ্চয় ছিল যথাক্রমে ১৪.৯০ শতাংশ ও ২০.১৭ শতাংশ। ২০০২-০৩ অর্থবছর পর্যন্ত দেশজ সঞ্চয় ও জাতীয় সঞ্চয় ক্রমশঃ বৃদ্ধি পেয়ে দাঁড়ায় যথাক্রমে জিডিপি'র ১৮.২১ শতাংশ ও ২৪.৪৫ শতাংশ। সাময়িক প্রাক্কলনের হিসাবে দেখা যায় যে ২০০৩-০৪ অর্থবছরে দেশজ সঞ্চয় ও জাতীয় সঞ্চয়ের হার যথাক্রমে জিডিপি'র ১৮.২৭ শতাংশ ও ২৪.৪৯ শতাংশ-এ দাঁড়াবে। সারণি ২.৬ ও লেখচিত্র ২.৩-এ ১৯৯৫-৯৬ থেকে ২০০৩-০৪ অর্থবছর পর্যন্ত বছরওয়ারি দেশজ ও জাতীয় সঞ্চয়ের পরিস্থিতি তুলে ধরা হয়েছে।

সারণি ২.৬ ঃ স্থূল দেশজ উৎপাদে (জিডিপি) সঞ্চয়ের শতকরা হার।

	দেশজ সঞ্চয়	জাতীয় সঞ্চয়
১৯৯৫-৯৬	১৪.৯০	২০.১৭
১৯৯৬-৯৭	১৫.৯০	২১.৫৮
১৯৯৭-৯৮	১৭.৪১	২১.৭৭
১৯৯৮-৯৯	১৭.৭১	২২.৩১
১৯৯৯-০০	১৭.৮৮	২৩.১০
২০০০-০১	১৮.০০	২২.৪১
২০০১-০২	১৮.১৬	২৩.৪৪
২০০২-০৩	১৮.২১	২৪.৪৫
২০০৩-০৪ (সাময়িক)	১৮.২৭	২৪.৪৯

উৎসঃ বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো।

লেখচিত্র ২.৩:জিডিপির শতকরা হারে দেশজ ও জাতীয় সঞ্চয়



বিনিয়োগ

১৯৯৫-৯৬ অর্থবছরে মোট বিনিয়োগের হার ছিল জিডিপি'র ১৯.৯৯ শতাংশ। এর মধ্যে সরকারি ও বেসরকারিখাতের বিনিয়োগের হার ছিল যথাক্রমে ৬.৪২ শতাংশ ও ১৩.৫৮ শতাংশ। ১৯৯৫-৯৬ অর্থবছর হতে জাতীয় বিনিয়োগ হার ক্রমশঃ বৃদ্ধি পেয়ে ২০০২-০৩ অর্থবছরে জিডিপি'র ২৩.৪১ শতাংশে উন্নীত হয়। এর মধ্যে সরকারি ও বেসরকারিখাতের অবদান ছিল যথাক্রমে ৬.২০ শতাংশ ও ১৭.২১ শতাংশ। জাতীয় অর্থনীতিতে বেসরকারিমুখী সংস্কার পরিচালিত হওয়ায় বৈদেশিক প্রত্যক্ষ বিনিয়োগসহ স্থানীয় অর্থায়ন বৃদ্ধি পেয়েছে এবং বেসরকারিখাতে বিনিয়োগ ক্রমশঃ বৃদ্ধি পাচ্ছে। সাময়িক প্রাক্কলন অনুযায়ী ২০০৩-০৪ অর্থবছরে জাতীয় বিনিয়োগ হার কিঞ্চিৎ বৃদ্ধি পেয়ে এ যাবৎ কালের সর্বোচ্চ হারে (২৩.৫৮ শতাংশ) উন্নীত হয়েছে এবং এতে সরকারি ও বেসরকারিখাতের অবদান যথাক্রমে ৬.১২ শতাংশ ও ১৭.৪৭ শতাংশ হবে বলে অনুমিত হচ্ছে। গণখাতে বিনিয়োগ স্থূল দেশজ উৎপাদের শতকরা হারে সামান্য হ্রাস পেলেও সর্বমোট সরকারি ব্যয় বেড়েছে। অনুরূপভাবে ব্যক্তিখাতে ক্রমাগত বিনিয়োগ বেড়েই চলেছে । নব্বইয়ের দশকের শুরুতে মোট বিনিয়োগে ব্যক্তিখাতের অবদান ছিল প্রায় ৬০ শতাংশ, যা চলতি অর্থবছরে দাঁড়িয়েছে ৭৪ শতাংশে। ১৯৯৫-৯৬ থেকে ২০০৩-০৪ পর্যন্ত জিডিপিতে বিনিয়োগের শতকরা হার সারণি ২.৭-এ প্রদর্শিত হয়েছে।

সারণি ২.৭ঃ স্থূল দেশজ উৎপাদে (জিডিপি) বিনিয়োগের শতকরা হার।

অর্থবছর	মোট বিনিয়োগ	সরকারি বিনিয়োগ	বেসরকারি বিনিয়োগ
১৯৯৫-৯৬	১৯.৯৯	৬.৪২	১৩.৫৮
১৯৯৬-৯৭	২০.৭২	৭.০৩	১৩.৭০
১৯৯৭-৯৮	২১.৬৩	৬.৩৭	১৪.২৬
১৯৯৮-৯৯	২২.১৯	৬.৭২	১৫.৪৭
১৯৯৯-০০	২৩.০২	৭.৪১	১৫.৬১
২০০০-০১	২৩.০৯	৭.২৫	১৫.৮৪
২০০১-০২	২৩.১৫	৬.৩৭	১৬.৭৮
২০০২-০৩	২৩.৪১	৬.২০	১৭.২১
২০০৩-০৪ (সাময়িক)	২৩.৫৮	৬.১২	১৭.৪৭

উৎসঃ বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো।



স্থূল দেশজ উৎপাদ সঞ্চয় ও বিনিয়োগের গুরুত্ব অপরিসীম। উল্লেখ্য, জিডিপি'র প্রবৃদ্ধি অনেকাংশে নির্ভর করে পুঁজির নিবিড়তা ও পুঁজির ব্যবহারের দক্ষতার উপর। এ কারনে জিডিপির শতকরা হারে সঞ্চয় ও বিনিয়োগ গুরুত্বপূর্ণ নির্দেশক।